বাংলাদেশ পর্যটন করপোরেশন
পরিকল্পনা-১ শাখা

বিষয়: বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ইনোভেশন টিমের গত ১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখ অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জাকির হোসেন সিকদার<br>মহাব্যবস্থাপক (পরিকল্পনা), ইনোভেশন কর্মকর্তা |
| সভার তারিখ | ১১ ফেব্রুয়ারি ২০২১ খ্রি: |
| সভার সময় | বিকাল ০৩:০০ |
| স্থান | বাপক সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

২। আলোচনা।

২.১। সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই তিনি সভার আলোচ্য বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতির সম্মতিক্রমে বাপক এর ইনোভেশন টিম এর সদস্য জনাব মো: সাজেদুল কবির ২০২০-২০২১ অর্থবছরে বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ইনোভেশন কর্মপরিকল্পনা মোতাবেক জানুয়ারি ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাপতি মহোদয়কে বিস্তারিত অবহিত করেন।

২.২। জনাব মো: সাজেদুল কবির সভাকে অবহিত করেন যে, ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিল্পনা মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ডিজিটাল সেবাটির বাস্তবায়ন কাজ আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখ পর্যন্ত থাকলেও তা ইতোমধ্যেই বাস্তবায়ন কাজ সম্পন্ন হয়েছে। গত ১০ ফেব্রুয়ারি ২০২১ তারিখেই এ বিষয়ক অফিস আদেশটি জারী করা হয়েছে। উপযুক্ত প্রমাণকসহ বাপক এর ওয়েবসাইটের ইনোভেশন কর্ণারে আপলোডসহ সফট ও হার্ডকপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

২.৩। সভাপতি মহোদয় টিমের সকলকে অবগত করেন যে, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের গত ০৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখ অনুষ্ঠিত ৪র্থ সভায় মন্ত্রণালয়ের ইনোভেশন শোকেসিং অনুষ্ঠানটি বাপক এর প্রশাসনিক ভবনের মিলনায়তন কক্ষে আয়োজিত হবে। ফলে দিন তারিখ নির্ধারিত হওয়ার পূর্বেই এ বিষয়ক প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। তাছাড়া এ মাসেই বাপক এর উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শনের জন্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিম পরিদর্শনে আসবেন। এ বিষয়ের প্রয়োজনীয় পূর্ব প্রস্তুতি গ্রহণ করার নির্দেশনা দেন। তাছাড়া বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সকল সংস্থার উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শনকালে বাপক এর ইনোভেশন টিমের একজন প্রতিনিধির উপস্থিতি সম্পর্কেও আলোচনা হয়। এ বিষয়ে পর্যটন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৪। সভায় সভাপতি মহোদয় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সংস্থার উদ্ভাবকগণের জন্য ০৩ (তিন) দিনের প্রশিক্ষণ কার্যক্রমটি পর্যটন মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় ঢাকার বাহিরে খাগড়াছড়িতে আয়োজনের সম্ভাবনা রয়েছে। এ উপলক্ষ্যে বাপক এর খাগড়াছড়ি ইউনিটে আয়োজনের সম্ভাবনাই অধিক। এ প্রশিক্ষণ কার্যক্রমটি আয়োজনের লক্ষ্যে মন্ত্রণালয়ের গত সভার আলোচনা মোতাবেক বাপক এর পক্ষ হতে প্রায় ৮৮,০০০.০০

(অষ্টআশি হাজার) টাকার একটি ফান্ড প্রয়োজন হতে পারে। এ বিষয়ে সভাপতি মহোদয়কে অবহিত করা হয় যে, বাপক এর ২০২০-২০২১ অর্থবছরে নির্ধারিত ইনোভেশন বাজেটে মোট ০২ (দুই) লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। ০১ টি একদিনের ও ০২ টি ০২ দিনের প্রশিক্ষণ আয়োজনসহ উদ্ভাবকগণকে পুরষ্কার প্রদান ও আইডিয়া সমূহের পাইলটিংসহ এর রেপ্লিকেশন এর বিষয়টি রয়েছে। সার্বিক হিসাবে দেখা যায় যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ মোতাবেক বাপক এর নির্ধারিত কাজগুলো উক্ত বাজেটের মধ্যে সঠিকভাবে সম্পন্ন করতে বেগ পেতে হবে। সেক্ষেত্রে অতিরিক্ত ৮৮,০০০.০০ (অষ্টআশি হাজার) টাকা সংস্থানের বিষয়ে কর্তৃপক্ষের সাথে আলোচনা মোতাবেক সিদ্ধান্ত যত দুত সম্ভব মন্ত্রণালয়কে অবহিত করা প্রয়োজন।

২.৫। জনাব মো: সাজেদুল কবির সভায় জানান যে, বাপক এর ইনোভেশন টিম-এর বর্তমান সদস্যদের মধ্যে দুই একজন প্রায়শই: দাপ্তরীক কাজের ব্যস্ততার দরুন সভায় উপস্থিতিসহ অন্যান্য কাজে অংশগ্রহণের সুযোগ পান না। তাই তাদের পরিবর্তে উপযুক্ত কর্মকর্তাসহ অতিরিক্ত সদস্য হিসেবে বাপক হিসাব শাখার অভিজ্ঞ একজন ও এনএইচটিটিআই হতে আরও একজন উপযুক্ত কর্মকর্তাকে টিমে অন্তর্ভূক্ত করার সুপারিশ করেন। তাছাড়াও উদ্ভাবন কর্মপরিকল্পনার নির্ধারিত ছক মোতাবেক কর্মকান্ডের বাইরেও সংস্থার স্বার্থে ইনোভেশন টিমের কাজ করার সুযোগ রয়েছে। বাপক এর অনেক যোগ্য ও নিবেদিত কর্মকর্তারা বিশেষ করে সংস্থার বাণিজ্যিক ইউনিটগুলোর ভাবমূর্তি উন্নয়নসহ বাণিজ্যিকভাবে সফল হওয়া, বাপক এর ডিউটি ফ্রি শপগুলোর সমৃদ্ধতা অর্জনসহ সেবার মান ও বিক্রয় বৃদ্ধির ও অন্যান্য বিষয়ে তাদের সুচিন্তিত প্রস্তাবনা দিতে আগ্রহী। এ কার্যক্রমের জন্য বাপক ইনোভেশন টিম একটি প্লাটফরম হতে পারে। এ বিষয়ে কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। তাছাড়া টিমের সকল সদস্যের ইনোভশন টিমে সক্রিয় অংশগ্রহনের নিমিত্ত উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক কাজগুলো ভাগ করে টিমের সদস্যদের দায়িত্ব দেয়া যেতে পারে।

২.৬। সভায় সভাপতি মহোদয় ইনোভেশন কর্মপরিকল্পনা মোতাবেক সময়াবদ্ধ কাজগুলো নির্ধারিত সময়ের পূর্বেই সম্পন্ন করার আহ্বান জানান। বিশেষকরে ইতোমধ্যেই কর্তৃপক্ষ কর্তৃক প্রশাসনিক ও আর্থিকভাবে অনুমোদিত সেবা সহজিকরণ বিষয়ক ০১ দিনের কর্মশালাটি এ মাসের মধ্যেই আয়োজন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নির্দেশনা দেন। তাছাড়া আগামী মার্চ মাসের মধ্যেই আরও দুটি প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশনা দেন।

**০৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

৩.১। ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী সময়াবদ্ধ কাজগুলো নির্ধারিত সময়ের পূর্বেই সম্পন্ন করার বিষয়ে ইনোভেশন টিমকে সচেষ্ট থাকতে হবে। বিশেষকরে সেবা সহজিকরণ বিষয়ক ০১ দিনের সেমিনার/কর্মশালাটি ফেব্রুয়ারি ২০২১ মাসেই কর্তৃপক্ষকে অবগত করিয়ে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া অন্য দুটি প্রশিক্ষণ কার্যক্রম মার্চ মাসের মধ্যেই সম্পন্ন করার প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।
***(জনাব মো: নুরুল ইসলাম ও জনাব মো: সাজেদুল কবির এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন)***

৩.২। ইনোভেশন এর পুনর্গঠন বিষয়ক প্রস্তাবনা যত দুত সম্ভব কর্তৃপক্ষ বরাবরে প্রস্তাব উপস্থাপন করতে হবে।
***(জনাব মো: সাজেদুল কবির, সদস্য ইনোভেশন টিম)***

৩.৩। বাপক কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে সংস্থার স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন প্রস্তাবনা বাপক এর কর্মকর্তাদের নিকট হতে আহ্বানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩.৪। ইনোভেশন কর্মপরিকল্পনা মোতাবেক মন্ত্রণালয় হতে গৃহীত প্রশিক্ষণ ও ইনোভেশন বিষয়ক কার্যক্রমের পূর্বপ্রস্তুতি গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়সহ অন্যান্য সংস্থার বিপরীতে ধার্যকৃত বাজেট এর বিষয়ে সিদ্ধান্ত দুত

মন্ত্রণালয়কে জানিয়ে দিতে হবে।

*(জনাব মো: নুরুল ইসলাম ও জনাব মো: সাজেদুল কবির এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন)*

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।




মোঃ জাকির হোসেন সিকদার
মহাব্যবস্থাপক (পরিকল্পনা), ইনোভেশন
কর্মকর্তা

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৬.০০৯.১৮.৫৭ তারিখ: ৩ ফাল্গুন ১৪২৭
১৬ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
২) অতিরিক্ত সচিব, নিয়ন্ত্রক, হোটেল ও রেস্তোরাঁ সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) পরিচালক , পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
৭) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
৮) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
৯) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
১০) অধ্যক্ষ (এনএইচটিটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
১১) ব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা , বাংলাদেশ পর্যটন করপোরেশন
১২) ব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
১৩) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
১৪) ব্যবস্থাপক, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
১৫) ব্যবস্থাপক , বাণিজ্যিক বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
১৬) নির্বাহী প্রকৌশলী (সিভিল)-২, পূর্ত বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
১৭) উপব্যবস্থাপক, অর্থ ও বাজেট শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
১৮) উপব্যবস্থাপক , পরিকল্পনা-১ শাখা , বাংলাদেশ পর্যটন করপোরেশন
১৯) উর্দ্ধতন প্রশিক্ষণ কর্মকর্তা, ট্রাভেল এজেন্সি এন্ড ট্যুর অপারেশনস, এনএইচটিটিআই, বাংলাদেশ পর্যটন করপোরেশন
২০) উপব্যবস্থাপক, প্রশাসন শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
২১) নির্বাহী কর্মকর্তা, সাধারণ সেবা শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
২২) সহকারী নির্বাহী কর্মকর্তা , আইসিটি শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন



মোঃ সাজেদুল কবির
উপব্যবস্থাপক